মহাখালীতে রেস্টুরেন্টে তিতুমীর শিক্ষার্থীদের হামলা-ভাঙচুরের অভিযোগ



ছবি: সংগৃহীত

রাজধানীর মহাখালীর ‘দূরবীন বাংলা’ রেস্টুরেন্টে বসার জায়গা নিয়ে বিরোধের জেরে শিক্ষার্থী ও কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে এক শিক্ষার্থীসহ রেস্টুরেন্টের কয়েকজন কর্মী আহত হয়েছেন। এ ঘটনায় রেস্টুরেন্টে ভাঙচুরের অভিযোগ উঠেছে সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীদের বিরুদ্ধে।

শুক্রবার (১৩ নভেম্বর) সকালে এ ঘটনা ঘটে। ঘটনার জন্য উভয় পক্ষই একে অপরকে দায়ী করেছে।

আহত শিক্ষার্থীর নাম আদনান। তিনি তিতুমীর কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। সংঘর্ষের সময় মাথায় গুরুতর আঘাত পেলে তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়।

রেস্টুরেন্টের এক দায়িত্বপ্রাপ্ত ম্যানেজারের ভাষ্য, শুক্রবার ক্রেতাদের ভিড় থাকায় ছয়জনের জন্য রাখা একটি টেবিলে টোকেন ছাড়াই এক শিক্ষার্থী একা বসেন। কর্মীরা বিষয়টি জানালে তার সঙ্গে বাগ্‌বিতণ্ডা হয়। পরে ওই শিক্ষার্থী কয়েকজনকে নিয়ে এসে কর্মীদের ওপর হামলা চালান এবং রেস্টুরেন্টে ভাঙচুর করেন।

তবে শিক্ষার্থীদের অভিযোগ, খাবার খেতে গিয়ে সিরিয়াল অনুযায়ী বসা নিয়ে কর্মীদের সঙ্গে তাদের সহপাঠীদের বিরোধ হয়। একপর্যায়ে কর্মীরা দুর্ব্যবহার ও শারীরিকভাবে লাঞ্ছিত করেন। এ খবর ছড়িয়ে পড়লে অন্য শিক্ষার্থীরা সেখানে গেলে তাদের ওপরও হামলা চালানো হয়।

আহত শিক্ষার্থী আদনান বলেন, প্রথমে কয়েকজন সহপাঠী খাবার খেতে গেলে বসার সিরিয়াল নিয়ে কর্মীদের সঙ্গে কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে কর্মীরা তাদের গায়ে হাত তোলেন। কর্মীর সংখ্যা ৫০ থেকে ৬০ জন হওয়ায় শিক্ষার্থীদের মারধর করা হয় বলে অভিযোগ করেন তিনি।

আদনান আরও বলেন, খবর পেয়ে সাধারণ শিক্ষার্থীরা রেস্টুরেন্টে গেলে কর্মীদের কাছে সহপাঠীদের ওপর হামলার কারণ জানতে চান। তখন কর্মীরা তাদের ওপরও চড়াও হন। একপর্যায়ে ওপর থেকে ছুড়ে মারা একটি চেয়ার তার মাথায় এসে পড়ে। এতে মাথা ফেটে রক্তপাত শুরু হলে সহপাঠীরা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান।